48

তারিখ ২৪ JAN 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

দৈনিক বাংলা

# জগন্নাথ ভার্সিটি অনার্সে পাঁচ হাজার আসনে লক্ষাধিক আবেদনপত্র

মুজতবা খন্দকার ঃ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্সে ৫ হাজার ২শ' সীটের বিপরীতে প্রায় ১ লাখ ৫ হাজার ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী আবেদন করেছে। শনিবার ছিল আবেদনপত্র গ্রহণ ও জমা দানের শেষ দিন।

গত ১৩ জানুয়ারী ফরম বিতরণ শুরু হয়। প্রতিটি ফরমের মূল্য ছিল ১০ টাকা। বিশ্ববিদ্যালয়ের ৪টি অনুষদের ১৭টি বিভাগের জন্য এই ফরম বিতরণ করা হয়।

গতবারও সীটের সংখ্যা একই ছিল কিন্তু ফরম বিক্রি হয়েছিল এবারের অর্ধেক। এবছর বিশ্ববিদ্যালয় ঘোষণার ফলে ছাত্র-ছাত্রীদের সংখ্যা বহুগুণ বেড়েছে।

শিক্ষামন্ত্রণালয় এবছর ভর্তির ক্ষেত্রে নতুন মেধাক্রম অনুযায়ী ভর্তি করার যে নির্দেশ দিয়েছে সেই হিসাবে ৯৫ হাজার আবেদনকারী ভর্তি হতে পারবে না।

শনিবার রাতে জগন্নাথ বিশ্ব-বিদ্যালয়ের অধ্যক্ষ প্রফেসর মুহম্মদ জুনাইদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, একজন আবেদনকারী কমপক্ষে ৫টি বিভাগের জন্য আবেদন করেছে। ফলে প্রতিযোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। তিনি জানান, বিশ্ববিদ্যালয় ঘোষণার সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয়টির গুরুত্বও ছাত্র-ছাত্রীদের কাছে বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, ভর্তির পর অনেকে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে সুযোগ পেলে চলে যাবে। ফলে অপেক্ষমাণ তালিকা বৃদ্ধি করা হবে।

রমজানের মধ্যেই ভর্তির যাবতীয় কার্যক্রম শেষ করা হবে এবং আগামী

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## জগন্নাথ ভার্সিটি অনার্সে

(প্রথম পৃষ্ঠার পর)

মার্চে এই বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হবে। বিশ্ববিদ্যালয় ঘোষিত হলেও আনুষ্ঠানিকভাবে এর কার্যক্রম শুরু না হওয়ায় এখনও জগন্নাথ বিশ্ববিদ্যালয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাজেশনে ক্লাস পরীক্ষা হচ্ছে।

প্রফেসর মুহম্মদ জুনাইদ আরও জানান, এক লাখের বেশী আবেদনকারী বিধায় শনিবার সকল ফরম গণনা শেষ হয়নি। ফলে সঠিক সংখ্যা জানা যায়নি।